# ক্যানসারে ঔষধি চিকিৎসা

(কেমোথেরাপী)











## ডাঃ মাহফুজ আরিফ

এম.বি.বি.এস, ডি.এম.আর.টি, এম.ডি.

ক্যানসার রোগ বিশেষজ্ঞ

যোগাযোগ ঃ ৯৮৩০০০৫৩৫৪

# ক্যানসারে ঔষধি চিকিৎসা

ক্যানসার একটি ভয়াবহ অসুখ। হৃৎপিন্ডের অসুখের পরেই ক্যানসার দ্বিতীয় স্থানে আছে যাতে মানুষ মৃত্যুর দিকে এগিয়ে যেতে পারে। ভারতে প্রতিবছর প্রায় ১০-১২ লক্ষ মানুষ এই রোগে আক্রান্ত হয়। ক্যানসারের চিকিৎসা মূলত তিনরকম (ক) শল্য চিকিৎসা (অপারেশন) (খ) বিকিরণ চিকিৎসা (রেডিওথেরাপি) (গ) ঔষধি চিকিৎসা (কেমোথেরাপি)। যে কোন ক্যানসারে আক্রান্ত রোগীর এই সব চিকিৎসার প্রয়োজন হতে পারে। এক কথায় একে বলে বহুচিকিৎসা ব্যবস্থাপনা (Multimodality)

ঔষধি চিকিৎসা ক্যানসার অসুখ সারাতে যুগান্তকারী ফল এনে দিয়েছে। সবধরণের ক্যানসারের ঔষধ আবিষ্কার হয়েছে এবং প্রতিনিয়ত গবেষণা চলছে। বহু ক্যানসার ঔষধি চিকিৎসায় সম্পূর্ণ ভালো হয়ে যায় যেমন কোরিওকারসিনোমা, লিমফোমা, রক্তের ক্যানসার-লিউকিমিয়া, স্তনের ক্যানসার ইত্যাদি।

ক্যানসারে ঔষধি চিকিৎসা করা হয় চার রকম ভাবে। (ক) নিওঅ্যাডযুভেন্ট - যখন ঔষধি চিকিৎসা করে অসুখ কমিয়ে অপারেশন বা বিকিরণ চিকিৎসা করা হয় (খ) কনকারেন্ট - যখন বিকিরণ চিকিৎসা চলাকালীন অল্পমাত্রা ঔষধি চিকিৎসা করা হয় যাতে বিকিরণ চিকিৎসার ফল ভালো হয়। (গ) অ্যাডযুভেন্ট - যখন অপারেশন বা বিকিরণ চিকিৎসার পর ঔষধি চিকিৎসা করা হয় যাতে অসুখ আবার ফিরে না আসে। (ঘ) মেনটেন্স - যখন অসুখ ভালো হওয়ার পর নির্দিষ্ট মাত্রায় আরোও কিছু ঔষধি চিকিৎসা করা হয়।

ঔষধি চিকিৎসা শুরু হলে নানারকম ভাবে করা হয় যেমন সপ্তাহে একবার, দুসপ্তাহে একবার, তিনসপ্তাহে একবার। সাধারণতঃ ছয়বার বা ছয় মাস চিকিৎসার প্রয়োজন। যে কোন ধরণের ক্যানসারে একাধিক ঔষধ থাকে এবং বিভিন্ন ঔষধ বিভিন্ন মাত্রায় দেওয়া হয়। যে কোন ঔষধি চিকিৎসা একাধিক ঔষধ দিয়ে করা হয় (Combination Drugs)। ঔষধি চিকিৎসায় কিছু ঔষধ সবচেয়ে ভালো কাজ করে তখন এর প্রয়োগকে প্রথম ধাপ বলে (First Line)। এই প্রথম ধাপ কার্যকরী না হলে দ্বিতীয়, তৃতীয় ধাপ ঔষধ দেওয়া যেতে পারে।

ক্যানসারে ঔষধি চিকিৎসা নানা পর্যায়ে কাজ করে। কোনো ঔষধ কোষের সাইটোপ্লাজম, নিউক্লিয়াস, কোষ পর্দায়, কোষ বিভাজনে বাধা দেয়। ঠিক ঠিক সময়ে ঔষধ দিলে বহু ক্যানসার কোষ তাড়াতাড়ী বিনষ্ট হয় ও রোগী সুস্থ হয়। ক্যানসারের চিকিৎসা করতে হলে দুটো জিনিষ অবশ্যই জানতে হয়।

## কর্মক্ষমতা স্কেল (Performance Scale) ECOG-

0. সব কাজ করতে পারে
1. শারীরিক পরিশ্রম করতে পারে না
2. ঘরের মধ্যে থেকে প্রতিদিনের কাজ করতে পারে
3. শুধু নিজের কাজ যেমন খাওয়া, বাথরুমে যেতে পারে না
4. বিছানা শয্যা কোনো কিছু করতে পারে না।

## ঔষধি চিকিৎসায় ফল

**CR** (Complete Response) অসুখ সম্পূর্ণভাবে নির্মূল হয়েছে।

**PD** (Partial Response) অসুখ কমেছে কিন্তু এখনও শরীরে আছে।

**SD** (Stable Disease) অসুখ বাড়ি নি, কমে নি একটা স্থিত অবস্থায় আছে।

**PD** (Progressive Disease)চিকিৎসা সত্ত্বেও অসুখ প্রতিনিয়ত বাড়ছে।

ক্যানসারের ঔষধি চিকিৎসায় কিছু পার্শ্বপ্রতিক্রিয়া আছে। এগুলো বেশীরভাগ ঔষধ প্রয়োগ করার পর শুরু হয় এবং অল্প কয়েকদিন পর ঠিক হয়ে যায়। যেমন (ক) বমি (খ) চুলকানি (গ) মুখে ঘা হওয়া (ঘ) পায়খানা বেশী হওয়া (ঙ) কোষ্ঠকাঠিন্য (চ) জ্বর (ছ) পায়ে ব্যথা (জ) অম্বল বেড়ে যাওয়া (ঝ) ঘুম কম হওয়া (ঞ) চুল পড়া (ট) রক্ত কমে যাওয়া (ঠ) শ্বেতকনিকা কমে যাওয়া (ড) দুর্বলতা (ঢ) মানসিক ভারসাম্য হারিয়ে ফেলা (ন) ক্ষিদে কম হওয়া।

## পার্শ্বপ্রতিক্রিয়ার চিকিৎসা হল

(ক) বমি - TAB EMESET (8mg) - 1 tab twice daily before food X 5 days

(খ) চুলকানি - Tab ALLEGRA (120mg) - 1tab once daily x 6 days, Tab WYSOLONE (10mg) - 1 tab once daily after breakfast x 6 days

(গ) মুখে ঘা - HEXEDINE mouth wash thrice daily x 7 days, Tab CLOGEN (10mg) - 1 twice daily (to shalow)x 10 days.

(ঘ) পায়খানা বেশী হলে - Tab LOMOTIL - 1 tab twice daily x 3 days, Tab OFLOMAC (200 mg) - 1 twice daily x 5 days, LACTOBACILLE Plus Cap - 1 twice daily x 5 days, ELECTRAL Water to drink x 3 days

(ঙ) কোষ্ঠকাঠিন্য - Syr. DUPHALAC 2-4 twice at bedtime daily, PRACTOCLYSS ENEMA SOS.

(চ) জ্বর - Tab CALPOL (500 mg) 1 Tab SOS may be taken 3 times/daily, AZITHRAL (500mg) - 1Tab dailyx 6 days.

(ছ) পায়ে ব্যাথা - Warmcompress with hot water bag once daily, Tab COMBIFLAM - 1Tab twice daily after food x 5 days,. VOLINI GEL/SPRAY Massage SOS/once daily

(জ) অম্বল বেড়ে যাওয়া - Cap RABIFAST DSR - 1 Cap twice daily before food x 7 days.

(ঝ) ঘুম কম হওয়া - Tab ALZOLAM (1mg)- 1tab H.S.

(ঞ) চুল পড়া - No Treatment only assurance

(ট) রক্ত কম হওয়া - Tab FERONIAXT 1 Tab once daily

(ঠ) শ্বেতকনিকা কম হওয়া - GCSF 300m .......x 3 days

(ড) দুর্বলতা - Resource Powder 2-4 tsf twice daily with water or milk, BEVON Cap.- 1 cap once daily to cent

(ঢ) মানসিক ভারসাম্য হারিয়ে ফেলা - NEXITO PLUS Tab - 1 Tab at bedtime.

(ন) ক্ষিদে কম হওয়া - Syr. CYP-L- 1 tsf at bedtime

## VISITING CONSULTANT

- RUBY HOSPITAL
- G. D. HOSPITAL
- DESUN HOSPITAL
- KASTURI MEDICAL CENTRE
- NARAYAN MEMORIAL HOSPITAL
- KASTURI DAS MEMORIAL SUPER SPECIALITY HOSPITAL

**: MEMBER :**

ASSOCIATION OF RADIO THERAPIST OF INDIA
ASSOCIATION OF INDIAN SOCIETY OF MEDICAL AND PAEDIATRIC ONCOLOGY
EUROPIAN SOCIETY OF MEDICAL ONCOLOGY
INDIAN MEDICAL ASSOCIATION

**: EX VISITING :**

SAROJ GUPTA CANCER CENTRE & RESEARCH INSTITUTE